গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ফেনী সরকারি কলেজ,ফেনী

তারিখ : ১৫/০৬/২০২৫ খ্রি.

# ২০২৪ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষার ফরমপূরণের বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের নিয়মিত, ২০২০-২০২১, ২০২১-২০২২ ও ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের অনিয়মিত ও গ্রেড উন্নয়ন এবং ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯ ও ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের শুধুমাত্র Promoted শিক্ষার্থীগণ F গ্রেড প্রাপ্ত কোর্সে ২০২৪ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী আবেদন ও বিবরণী ফরমপূরণ সাপেক্ষে সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষ পরীক্ষার্থীদের আবেদন ফরম নিশ্চয়ন করবেন। পরীক্ষার আবেদন ফরম পূরণ ও জমাদানের তারিখ, আনুষাঙ্গিক নিয়ম এবং শর্তাবলী নিম্নরূপ :

| ক্রমিক নং | বিষয় | জমাদানের তারিখ | জমাদানের স্থান |
|---|---|---|---|
| ০১ | বাংলা,ইংরেজী,ইসলামের ইতিহাস,ইতিহাস, দর্শন,রাষ্ট্রবিজ্ঞান ,সমাজকর্ম | ১৭/০৬/২০২৫ খ্রি. মঙ্গলবার | স্ব স্ব বিভাগ সকাল ১০: ০০ থেকে বিকাল ২: ০০ টা পর্যন্ত |
| ০২ | অর্থনীতি, পদার্থ, রসায়ন হিসাব বিজ্ঞান,ব্যবস্থাপনা, প্রাণী,উদ্ভিদ,গণিত | | |

১। অনলাইনে আবেদন ফরম পূরণ:
আবেদনকারীকে নিজে অথবা কলেজ কর্তৃপক্ষ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (http://ems.nu.ac.bd/student-login) এ গিয়ে রেজিস্ট্রেশন নম্বর দিয়ে আবেদন ফরম যথাযথভাবে পূরণ এবং ডাউনলোড করে প্রিন্ট কপি সংশ্লিষ্ট কলেজে নির্ধারিত সময়ের মধ্যে ফিসহ স্ব স্ব বিভাগে জমা দিতে হবে।

২। পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী:
জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত অনার্স কোর্সের সকল ছাত্র-ছাত্রী (যারা রেগুলেশন অনুযায়ী কোর্স সম্পন্ন করেছে) ২০২৪ সালের অনার্স ১ম বর্ষের নিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের সিলেবাস ও সংশোধিত রেগুলেশন অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

৩। ২০২০-২০২১, ২০২১-২০২২ ও ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশ গ্রহণ করে Not Promoted হয়েছে অথবা পরীক্ষায় অংশগ্রহণ করেনি ঐ সকল শিক্ষার্থী অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০২৪ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। Not Promoted শিক্ষার্থীকে পূর্ববর্তী বছরের পাসকৃত কোর্সের পরীক্ষা দিতে হবে না।

৪। ২০২৩ সালের অনার্স ১ম বর্ষে যে সকল শিক্ষার্থী নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে প্রথম বারের মত পরীক্ষায় অংশগ্রহণ করে ২য় বর্ষে প্রমোশন পেয়েছে, ঐ সকল শিক্ষার্থীরা শুধুমাত্র C, C+ এবং ড গ্রেড প্রাপ্ত কোর্স/কোর্সসমূহে গ্রেড উন্নয়ন পরীক্ষায় সর্বোচ্চ ০২ (দুই)টি পত্রে অংশগ্রহণ করতে পারবে।

৫। যে সকল শিক্ষার্থী ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯, ২০১৯-২০২০,২০২০-২০২১, ২০২১-২০২২ ও ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ২য় বর্ষে প্রমোশন পেয়েছে কিন্তু এক বা একাধিক কোর্সে F গ্রেড রয়েছে তারা ২০২৪ সালের পরীক্ষায় F গ্রেড প্রাপ্ত কোর্স বা কোর্সসমূহে অংশগ্রহণ করতে পারবে। সকল F গ্রেড প্রাপ্ত কোর্সে পরীক্ষা দিয়ে (রেজিস্ট্রেশনের মেয়াদে) অবশ্যই ন্যূনতম "D" গ্রেড এ উন্নীত করতে হবে।

৬। ২০২৩ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে C Promoted প্রাপ্ত পরীক্ষার্থীদের অনুপস্থিত পত্রে ২০২৪ সালের পরীক্ষায় অবশ্যই অংশগ্রহণ করতে হবে।

৭। ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী:
২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে এক বা একাধিক কোর্সে (ঋ) গ্রেড প্রাপ্ত (অকৃতকার্য) শিক্ষার্থীরা সর্বমোট ৫,৫০০/- (পাঁচ হাজার পাঁচশত) টাকা ফি প্রদান করে শুধুমাত্র ২০২৪ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষার ফরমপূরণের সুযোগ পাবে। এক্ষেত্রে রেজিস্ট্রেশন নবায়নের কোন প্রয়োজন হবে না। কোন শিক্ষার্থী ফরমপূরণ / পরীক্ষায় অংশগ্রহণ / অকৃতকার্য হলে কোন অবস্থাতেই পরবর্তীতে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে না। উল্লেখ্য ব্যবহারিক পরীক্ষায় গ্রেড উন্নয়নের কোন সুযোগ নেই।

## বিষয় ভিত্তিক পরীক্ষার ফি (নিয়মিত ও অনিয়মিত)

| ক্রমিক নং | বিষয় | পরীক্ষার ফি (নিয়মিত) | পরীক্ষার ফি (অনিয়মিত) |
|---|---|---|---|
| ০১ | বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, রাষ্ট্রবিজ্ঞান, সমাজকর্ম, অর্থনীতি, হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা | ২১০০ | ২৪০০ |
| ০২ | পদার্থবিজ্ঞান | ৩১০০ | ৩৪০০ |
| ০৩ | রসায়ন | ২৯০০ | ৩২০০ |
| ০৪ | উদ্ভিদবিজ্ঞান | ৩৩০০ | ৩৬০০ |
| ০৫ | প্রাণিবিজ্ঞান | ৩০৫০ | ৩৩৫০ |
| ০৬ | গণিত | ২৯৫০ | ৩২৫০ |

অকৃতকার্য ও মানউন্নন গ্রেড উন্নয়ন পরীক্ষার ফি :

| | ১ বিষয় | ২ বিষয় | ৩ বিষয় | ৪ বিষয় | ৫ বিষয় | ৬ বিষয় |
|---|---|---|---|---|---|---|
| গ্রেড উন্নয়ন | ১০৫০/- | ১৩০০/- | ১৫৫০/- | ১৮০০/- | ২০৫০/- | ২৩০০/- |
| **C Promoted** প্রাপ্ত পরীক্ষার্থীদের বিশেষ অন্তর্ভূক্তি ফি ১০০০/- (এক হাজার টাকা মাত্র) | | | | | | |

ফরমপূরণের টাকা জমাদান পদ্ধতি : নিয়মিত,অনিয়মিত, অকৃতকার্য ও মানউন্নয়ন শিক্ষার্থীদের ফরম পূরণ ফি জমাদানের ওয়েব সাইট https://sbl.com.bd:7070/CollegeFee/Payment/FormFillUp লগ ইন করে রেজিস্ট্রেশন নম্বর ব্যবহার করে সোনালী ব্যাংক লিমিটেড এর নিজস্ব পেমেন্ট গেটওয়ে " সোনালী পেমেন্ট গেটওয়ে (SPG)''এর মাধ্যমে অনলাইন ফান্ড ট্রান্সফার (সোনালী ব্যাংক লিমিটেড এর একাউন্ট টু একাউন্ট), সোনালী ই-ওয়ালেট, সোনালী ব্যাংক লিমিটেড এর ডেবিট/ক্রেডিট/প্রি-পেইড কার্ড, যে কোন ব্যাংকের ভিসা/মাস্টারকার্ড/এমেক্স কার্ড,নেক্সাস কার্ড, মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসেস-বিকাশ/নগদ/রকেট/উপায়/ট্যাপ (Tap)/OK Wallet যে কোন ১ টি ব্যবহার করে পেমেন্ট করতে হবে। পেমেন্ট অপশনে যদি (০) থাকে তাহলে বিজ্ঞপ্তিতে উল্লেখিত টাকার পরিমাণ লিখে টাকা পেমেন্ট করতে হবে।

পরীক্ষার্থীদের জন্য করণীয় : Online এ পূরণকৃত ফরমপূরণ এর ফরম, রেজিস্ট্রেশন কার্ড ও টাকা জমাদানের প্রিন্ট কপি সংযুক্ত করে নির্দেশনা মোতাবেক নির্ধারিত সময়ে স্ব স্ব বিভাগে জমা দিতে হবে

অধ্যক্ষ
ফেনী সরকারি কলেজ, ফেনী